



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৪১০৩১৪৩৫, ৪১০৩১৪৩১

পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২৪- (১০)

তারিখ : ৫/০২/২০২৪

বরাবর

চীফ রিপোর্টার

প্রেস রিলিজ

৪ ফেব্রুয়ারি, ২০২৪ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সম্মানিত জাতীয় কমিশনার ও গ্রেড -১ কর্মকর্তা (অবঃ), জনপ্রশাসন মন্ত্রণালয়, জনাব কাজী জেবুন্নেছা বেগম এর নেতৃত্বে ৬ সদস্যের প্রতিনিধি দল মাননীয় শিক্ষামন্ত্রী জনাব ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরীর সাথে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলে ছিলেন এসোসিয়েশনের ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ডঃ ইয়াসমিন আহমেদ, ঢাকা অঞ্চলের আঞ্চলিক কমিশনার ও যুগ্ম সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, আনজুমান আরা, গার্ল গাইডস্ এসোসিয়েশনের জেনারেল সেক্রেটারী তানজিনা বিনতে মোশাররফ এবং জাতীয় কমিশনার এর একান্ত সচিব মালেকা পারভীন। মাননীয় মন্ত্রী গার্ল গাইডস্ কার্যক্রম সম্প্রসারণে সর্বাত্মক সহযোগিতাসহ দেশের সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে গার্ল গাইডিং কর্মসূচি অন্তর্ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন গার্ল গাইডস্ এমন একটি সংগঠন যা বালিকা, কিশোরী ও তরুণীদের সুরক্ষার, ক্ষমতায়ন, নেতৃত্বের বিকাশ ও উন্নয়নের জন্য একটি শিক্ষাপ্রণয়ী প্ল্যাটফর্ম। সকল মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে গার্ল গাইডস্ কার্যক্রম আরো বৃদ্ধির জন্য তিনি পরামর্শ প্রদান করেন। এসময় জাতীয় কমিশনার শিক্ষা মন্ত্রীকে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের পক্ষ থেকে অভিনন্দন পত্র ও স্কার্ফ পরিবেশন করেন। ব্যস্ততার মাঝেও গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রতিনিধি দলকে সময় দেওয়ার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর প্রতি জাতীয় কমিশনার আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।



কাজী জেবুন্নেছা বেগম
জাতীয় কমিশনার
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ও
গ্রেড - ১ কর্মকর্তা (অবঃ)
জনপ্রশাসন মন্ত্রণালয়